

## আইএম জাপানের সহযোগিতায় বিএমইটি'র মাধ্যমে জাপানগামী টেকনিক্যাল ইন্টার্নদের প্রথম ব্যাচের প্রাক-বহির্গমন ব্রিফিং অনুষ্ঠান

আজ সকাল ১১:৩০ টায় ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে আইএম জাপানের সহযোগিতায় বিএমইটি'র মাধ্যমে জাপানগামী টেকনিক্যাল ইন্টার্নদের প্রথম ব্যাচের প্রাক-বহির্গমন ব্রিফিং অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, জাপান আমাদের অকৃত্তিম বন্ধু। বাংলাদেশের সাথে জাপানের অর্থনৈতিক ও দক্ষতা উন্নয়নসহ নানা ক্ষেত্রে সহযোগিতা দীর্ঘদিনের। আইএম জাপানের সহযোগিতায় বিএমইটি'র মাধ্যমে বাংলাদেশ থেকে টেকনিক্যাল ইন্টার্ন গ্রহণের জন্য জাপান সরকারকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান। টেকনিক্যাল ইন্টার্নদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, তোমাদের সাফল্য বাংলাদেশ থেকে জাপানে বেশী বেশী প্রশিক্ষণার্থী প্রেরণের পথকে সুগম হবে। এ প্রক্রিয়ায় বাংলাদেশী যুবকদের দক্ষতা উন্নয়ন ঘটবে, যা দেশের ক্রমবর্ধমান অর্থনীতি ও শিল্পায়নের ক্ষেত্রে দক্ষ কর্মী, দক্ষ ব্যবস্থাপকের চাহিদা মেটাতে। তিনি আরও বলেন, বিনা খরচে জাপান গমনের এ সুযোগ গ্রহণ করে তোমরা নিজেদের ভাগ্য পরিবর্তন তথা দেশের উন্নয়নে ভূমিকা রাখবে মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। এ প্রশিক্ষণ ও কর্মসূচি বাস্তবায়নে যারা কঠোর পরিশ্রম করেছেন তাদের সকলকে মন্ত্রী আন্তরিক ধন্যবাদ জানান।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র মহাপরিচালক মোঃ সেলিম রেজার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি। বিশেষ অতিথির বক্তব্যে ভারপ্রাপ্ত সচিব স্বল্প সময়ের মধ্যে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণে আইএম জাপান ও বিএমইটি'র কার্যক্রমকে আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট সার্ভিসেস লিঃ (বোয়েসেল)-এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশিক্ষণ) মোঃ সুজায়েত উল্যাসহ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিএমইটি'র পরিচালক (প্রশিক্ষণ) ড. নুরুল ইসলাম।

উল্লেখ্য, ইন্টারন্যাশনাল ম্যানপাওয়ার ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আইএম জাপান) এর সহযোগিতায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র মাধ্যমে বাংলাদেশ হতে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইএম জাপান এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত MoU অনুযায়ী প্রথম ব্যাচে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের লক্ষ্যে জাপানস্থ কনস্ট্রাকশন কোম্পানী সমূহের চাহিদার ভিত্তিতে ১৭ জনকে নির্বাচিত করে জাপানী ভাষা, সংস্কৃতি এবং শারীরিক শিক্ষার উপর তাদেরকে বিএমইটি'র অধীনস্থ বাংলাদেশ জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে গত এপ্রিল ২০১৭ তারিখ হতে ৪ মাস মেয়াদী প্রি-ডিপার্চার ট্রেনিং প্রদান করা হয়। বিদেশে চাকুরী প্রাপ্তির লক্ষ্যে বিএমইটি'র ডাটাবেজে নিবন্ধনকৃতদের মধ্যে হতে স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রাথমিক অবস্থায় ৫০ জনকে নির্বাচিত করা হয়। অতঃপর গণিত ও জাপানী বর্ণমালা পরীক্ষা এবং শারীরিক পরীক্ষার মাধ্যমে আইএম জাপান এর প্রতিনিধিগণ প্রি-ডিপার্চার ট্রেনিং এর জন্য চূড়ান্তভাবে ১৭ জন টেকনিক্যাল ইন্টার্ন নির্বাচিত করেন। প্রি-ডিপার্চার ট্রেনিং সম্পন্নকারী ১৭ জনের মধ্যে প্রথম পর্যায়ে ১০ জন আগামী ৩০ আগস্ট ২০১৭ তারিখে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে ৩ বছরের চুক্তিতে গমন করছেন। অবশিষ্ট ০৭ জন আগামী অক্টোবর ২০১৭ তারিখে এর মধ্যে জাপান গমন করবেন। টেকনিক্যাল ইন্টার্নদের কর্মক্ষেত্রে সফলতা এবং কোম্পানীর চাহিদার ভিত্তিতে এ চুক্তি আরো ২ বছরের জন্য নবায়ন হতে পারে।

